

অসীম সরকার এর কবিতা

মায়াবতীর জন্য উৎসর্গিত

তোমার হ্যাঁ সূচক শব্দ উচ্চারণ
আমার দীর্ঘ প্রত্যাশিত
স্বপ্নের খোরাক ।

আহা! মায়াবতী
কেন এতদিন চেপে রেখেছিলে
বুকের সিঁদুরকে এমন কষ্টের
শব্দগুচ্ছ ।

তুমি কি জানো না
কবিরা স্বপ্ন পিয়াসী-
অপ্রত্যাশিত সুখের
গভীরে এগিয়ে যায়
বিন্দু বিন্দু বালু কণার মত ।

তোমার হ্যাঁ সম্মতির জন্য
আমি দীর্ঘ রাত
জেগে জেগে কবিতার
পাভুলিপিতে গেঁথে রেখেছি ব্যথার শব্দ ।

তোমার হ্যাঁর জন্য
কত ছেলে মানুষী হয়েছি
নিজের কাছে ।
সুখে- আহল্লাদে
শূন্য উড়ে গেছি
এক ডিগবাজিতে,
চুপিং করে গাছের শূন্য চুড়ায়
থেকে দিয়েছি লাফ
অতল পানিতে ।

আহা! মায়াবতী
এতদিন পর বুঝি
তোমার স্বাদ হলো
আমার নির্জন শরীরের
খাজ বেয়ে বেয়ে
সুখের ডিঙ্গি ভাসাতে ।
মায়াবতী, তোমার জন্য
সব আলো নিবে গেছে
আমার জীবন-যৌবনের... ।

আমি মাছরাঙ্গা পাখি

প্রতিরাতে বসবাস
প্রতিরাতে ভিজি
গভীর নদীর কিনারে
আমি মাছরাঙ্গা পাখি ।

শীঘ্র দিই, উড়ে চলি
বহুদূর...
হাজার বছর-কালনিরবধি ।